



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.tangail.gov.bd



নম্বর ০৫.৪১.৯৩০০.০১০.১০.০২৬.২৩.১১৪৫

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০
০৪ অক্টোবর ২০২৩

গণবিজ্ঞপ্তি

বিষয়: আশ্রয়প্রাপ্ত লাইসেন্সধারীগণের ডাটা অনলাইনে এন্ট্রিকরণের গণবিজ্ঞপ্তি সংক্রান্ত।

এতদ্বারা টাঙ্গাইল জেলার আশ্রয়প্রাপ্ত লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত Digital Arms Management System(DAMS) এর মাধ্যমে আশ্রয়প্রাপ্ত নবায়নসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে আশ্রয়প্রাপ্ত লাইসেন্সধারীগণের ডাটা অনলাইনে এন্ট্রিকরণের জন্য আগামী ১০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাবলী পূরণপূর্বক অত্র কার্যালয়ের জেএম শাখায় প্রয়োজনীয় কাগজপত্র (মূল লাইসেন্স, এনআইডি ও টিন সার্টিফিকেট এর ফটোকপি এবং পাসপোর্ট সাইজ ছবি, লাইসেন্সধারীর সাক্ষর) জমা প্রদান/জেএম শাখার ইমেইল-acjmtangail@mopa.gov.bd প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০২।উল্লিখিত সময়ের মধ্যে আশ্রয়প্রাপ্ত লাইসেন্সধারীগণের তথ্য জমা দিতে ব্যর্থ হলে অথবা আশ্রয়প্রাপ্ত লাইসেন্সধারীগণের অবহেলার কারণে তথ্য Digital Arms Management System(DAMS) এ আপলোড করা সম্ভব না হলে DAMS এর সিস্টেম ব্যবহার করে ভবিষ্যতে কোন আশ্রয়প্রাপ্ত লাইসেন্স নবায়ন করা যাবে না।

৫-১০-২০২৩

মোঃ কায়ছারুল ইসলাম

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: +৮৮০২৯৯৭৭১৪৯০২

ফ্যাক্স: +৮৮০২৯৯৭৭১৪৯০৩

ইমেইল:

dctangail@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, (সকল)।
- ৪) পুলিশ সুপার, টাঙ্গাইল (গণবিজ্ঞপ্তিটি তাঁর নিয়ন্ত্রণাধীন থানা অধিক্ষেত্রে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫) উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।

- ৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি/ উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার, (সকল), টাঙ্গাইল (গণবিজ্ঞপ্তিটি তাঁর উপজেলায় মাইকযোগে বহল
প্রচারের অনুরোধসহ)।
- ৮) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল (গণবিজ্ঞপ্তিটি সংযুক্ত ছকসহ এ কার্যালয়ের
ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো)
- ৯) সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল (গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
- ১০) অফিসার ইন-চার্জ....., (সকল থানা), টাঙ্গাইল।